উপজেলা পরিষদ কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব আমিনুল ইসলাম, ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম ।

তারিখ ঃ ২৪/০৮/২০২১ খ্রিঃ, সময় ঃ বেলা ১১.০০ টা

স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম । | সভাপতি | স্বাক্ষরিত | |
| ২ | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত | |
| ৩ | চেয়ারম্যান, রাজিবপুর ইউনিয়ন পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম | সদস্য | স্বাক্ষরিত | |
| ৪ | মোঃ আজিম উদ্দিন, প্রধান শিক্ষক, রাজিবপুর পাইলট উচ্চ বিদ্যালয় | সদস্য | স্বাক্ষরিত | |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম । | সদস্য সচিব | স্বাক্ষরিত | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

(চলমান পাতা-০২)

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তেমন কোন সমস্যা নেই। মাধ্যমিক বিদ্যালয় সমূহে বেঞ্চ সংকট থাকার কারণে শিক্ষার্থীদের আসন ব্যবস্থার ব্যঘাতের সৃষ্টি হচ্ছে। উপজেলা পরিষদের মাধ্যমে উক্ত বিদ্যালয় সমূহে বেঞ্চ সরবরাহ করা হলে শিক্ষার্থীদের কষ্ট লাঘব হবে। এ বিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান বরাবরে আবেদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান রাজিবপুর ইউপি জানান যে,শহর পর্যায়ে ও গ্রাম পর্যায়ে মাধ্যমিক বিদ্যালয় গুলোর শিক্ষার মান উন্নয়নের শিক্ষকদের বিভিন্ন শিক্ষা মূলক প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার প্রয়োজন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আমিনুল ইসলাম)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক কমিটি
চর রাজিবপুর, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

স্মারক নং- উমাশিঅ/রাজিব/কুড়ি/২০২১/২৭৫ তারিখঃ-২৪/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০২। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৪। ----------------------------------------------------, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৫। অফিস কপি।

২৪/০৮/২০২১

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম।